(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

www.rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৬.০৬.০৪৯.২৪.২৮৬

তারিখ: ৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) ২০২৪-২৫ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি'র ২য় প্রান্তিকে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) ২০২৪-২৫ বাস্তবায়ন বিষয়ে নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের সভা গত ১০/১২/২০২৪ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) (সচিবের রুটিন দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:
(১) Minutes_NIS_2nd Quarter 2024-25

২৪-১২-২০২৪
নাহরিন সুলতানা
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩। অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪। অতিরিক্ত সচিব, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫। নিবন্ধক ও মহাপরিচালক, নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর।
৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি।
৭। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৮। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।
৯। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।
১০। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)।
১১। যুগ্মসচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২। যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩। উপসচিব, প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৬। উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৭। উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৮। উপসচিব, পরিকল্পনা-৫ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৯। সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২০। সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৬ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৬.০৬.০৪৯.২৪.২৮৬/১ (২)

তারিখ: ৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে আপলোডের অনুরোধ করা হলো)।

২৪-১২-২০২৪
নাহরিন সুলতানা
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) ২০২৪-২৫ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোখলেছুর রহমান, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)(সচিবের রুটিন দায়িত্ব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

সভার তারিখ ও সময় : ১০/১২/২০২৪ খ্রি. বিকাল ০৩.৩০ ঘটিকা।

সভার স্থান : সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **'পরিশিষ্ট-'ক'**।

সভাপতি কর্তৃক উপস্থিত অত্র বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সভাপতি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল অনুবিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার কার্যক্রম বাস্তবায়নে শুদ্ধাচার নিশ্চিত করার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও এ বিভাগের যুগ্ম-সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)-কে অনুরোধ জানান।

আলোচনা :

০২। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও এ বিভাগের যুগ্ম-সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৪ এপিল ২০১৩ তারিখে জারীকৃত পরিপত্রের আলোকে মন্ত্রলালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার নিশ্চিতকরণের নিমিত্ত গত ৩০ জুলাই ২০২৪ তারিখে এ বিভাগের নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয়েছে। গত ০৮/০৯/২০২৪ তারিখে এ বিভাগের নৈতিকতা কমিটির প্রথম প্রান্তিকের সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী গত ১২/০৯/২০২৪ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট বিতরণ করা হয় এবং উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এ বিভাগের এপিএ শাখায় প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। তিনি সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ২য় প্রান্তিক (অক্টোবর/২০২৪ হতে ডিসেম্বর/২০২৪) এর লক্ষ্যমাত্রা এবং ইতোমধ্যে বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় উপস্থাপিত এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর বিষয়ে কার্যক্রম/সূচকভিত্তিক আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলোঃ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।	এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ মোতাবেক প্রতি প্রান্তিকে নৈতিকতা কমিটির একটি সভা আহবানের লক্ষ্যমাত্রা রয়েছে। সে মোতাবেক এ প্রান্তিকের সভা আহবান করা হয়েছে। সভায় এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর উল্লিখিত কার্যক্রমসমূহ বিস্তারিত আলোচনান্তে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল উইং প্রধান, এ বিভাগ এবং সকল দপ্তর/সংস্থা প্রধান
২.	শুদ্ধাচার প্রতিষ্ঠায় চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণ	সভায় উল্লেখ করা হয় যে, ইতোমধ্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠায় অন্তরায়সমূহ চিহ্নিত করা হয়েছে যা নিম্নরূপঃ ক) বদলি, নিয়োগ ও পদোন্নতিতে অনিয়ম; খ) ঋণ আদায় ও বিতরণে অনিয়ম; গ) সঞ্চয় আহরণে অনিয়ম; এবং ঘ) সমবায় সমিতির নিবন্ধন প্রক্রিয়ায় অনিয়ম। গত সভার সিদ্ধান্ত মোতাবেক শুদ্ধাচার প্রতিষ্ঠায় চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণে প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা	শুদ্ধাচার প্রতিষ্ঠায় চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণে প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	এনআইএস ফোকাল পয়েন্ট, এ বিভাগ ও দপ্তর/সংস্থা প্রধানগণ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।		
৩.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ২য় প্রান্তিকে ১টি এবং ৩য় প্রান্তিকে ১টি মোট ২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা রয়েছে। আগামী ২৯/১২/২০২৪ তারিখে সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (সমবায় অধিদপ্তর, বিআরডিবি, পিডিবিএফ, এসএফডিএফ, মিল্কভিটা ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ঢাকা বিভাগের কর্মকর্তা) অংশগ্রহণে সভা আয়োজনের জন্য সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন এবং সংশ্লিষ্টদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন ও সংশ্লিষ্টদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	উপসচিব(বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৪.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় মোট ১০৭ জনকে এবং ১ম প্রন্তিকে মোট ২৭ জন এবং ২য় প্রান্তিকে ২৫ জনকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। গত ০৬/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণে মোট ৩৫ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন। ২য় প্রান্তিকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন প্রক্রিয়াধীন রয়েছে মর্মে প্রশাসন শাখা হতে জানা গিয়েছে। সভায় ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজনের জন্য প্রশাসন অনুবিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে।	অতিরিক্তি সচিব (প্রশাসন ও বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫.	কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) লক্ষ্যমাত্রা রয়েছে। অর্থ বছরের প্রতি প্রান্তিকে শেষে এ বিভাগের কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হয়। সভায় এ বিভাগের কর্মপরিবেশ উন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রান্তিক শেষে যথা সময়ে এ সংক্রান্ত প্রতিবেদন (প্রমাণকসহ) এপিএ শাখায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্ম-পরিবেশ উন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রান্তিক শেষে যথা সময়ে এ সংক্রান্ত প্রতিবেদন (প্রমাণকসহ) এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করতে হবে।	উপসচিব(প্রশাসন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৬.	আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ৩১-১০-২০২৪, ৩১-০১-২০২৫ এবং ৩০-০৪-২০২৫ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতির ১ম প্রান্তিকের প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে কোন নির্দেশনা না পাওয়ায় ১ম প্রান্তিকের প্রতিবেদন এনআইএস সফটওয়ারে এন্ট্রি প্রদান এবং ৩১-১০-২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক সভা আয়োজন করা হয়নি। সভায় কর্মপরিকল্পনা মোতাবেক ২য় প্রান্তিকের প্রতিবেদনের উপর আগামী ৩১-০১-২০২৫ তারিখের মধ্যে ফিডব্যাক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়।	আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতির ২য় প্রান্তিকের প্রতিবেদনের ওপর আগামী ৩১-০১-২০২৫ তারিখের মধ্যে ফিডব্যাক সভা আয়োজন করতে হবে।	টিম লিডার, এনআইএস পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৭.	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ২য় প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি ২৫% অর্জনের লক্ষ্যমাত্রা রয়েছে। চলিত অর্থবছরের নভেম্বর পর্যন্ত সময়ে ১৭.০৬% এডিপি বাস্তবায়ন অগ্রগতি সাধিত হয়েছে। সভায় এডিপি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়, যাতে করে বছর শেষে শতভাগ অগ্রগতি অর্জন সম্ভব হয়।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সকল দপ্তর সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।
৮.	প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য মোট ৩৪টি PSC সভা ও ৪টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে ১ম প্রান্তিকে মোট ৮টি প্রকল্পের PSC সভা ও ২টি PIC সভা অনুষ্ঠিত হয়েছে। ২য় প্রান্তিকে ইতোমধ্যে ৩টি প্রকল্পের পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ২টি পিএসসি সভা অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করা হয়েছে। PSC ও PIC সভা আয়োজনের প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী এবং হাজিরা শিট প্রমাণক হিসেবে এ বিভাগের এপিএ শাখায় দাখিলের জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।	এ বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা/ প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী PSC ও PIC সভা আয়োজন এবং প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী এবং হাজিরা শিট প্রমাণক হিসেবে এ বিভাগের এপিএ শাখায় দাখিল করতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা কর্মকর্তা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৯.	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা।	সভায় উল্লেখ করা হয় যে, চলতি ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল প্রকল্প ৩০/০৬/২৪ তারিখে সমাপ্ত হয়েছে সে সকল প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ৩০/০৯/২০২৪ তারিখে মধ্যে এবং যে সকল প্রকল্প ৩১/১২/২০২৪ তারিখে সমাপ্ত হবে সে সকল প্রকল্পের সম্পদ আগামী ৩১/০৩/২০২৫ তারিখের মধ্যে হস্তান্তর করে তালিকাসহ প্রমাণক এপিএ শাখায় প্রেরণ করতে হবে। ৩০ জুন, ২০২৪ এ সমবায় অধিদপ্তরের ১টি এবং বার্ড, কুমিল্লার ১টি প্রকল্প সমাপ্ত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সমাপ্ত প্রকল্পের সম্পদ ও যানবাহন হস্তান্তর করা হয়েছে মর্মে জানানো হয়েছে। সভায় ডিসেম্বর/২০২৪ এ সমাপ্য প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক আগামী ৩১/০৩/২০২৫ তারিখে মধ্যে হস্তান্তর করে তালিকাসহ প্রমাণক এপিএ শাখায় প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিসেম্বর/২০২৪ এ সমাপ্য প্রকল্পসমূহের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক আগামী ৩১/০৩/২০২৫ তারিখের মধ্যে হস্তান্তর করে তালিকাসহ প্রমাণক এপিএ শাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১০.	প্রকল্পের কাজে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি দ্বারা ৫টি অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প ন্যূনতম ০২ বার পরিদর্শন	সভায় উল্লেখ করা হয় যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রকল্পের কাজে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি দ্বারা ৫টি অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প ন্যূনতম ০২ বার পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে ১টি এবং উপসচিব (পরিকল্পনা-১) এর সভাপতিত্বে ১টি মোট ২টি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি ২০২৪-২৫ অর্থবছরের ন্যূনতম দুইবার দায়িত্বপ্রাপ্ত প্রতিটি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল করবে। সভায় উল্লেখ করা হয় যে, গঠিত কমিটি ইতোমধ্যে ৪টি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছে এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে যথাসময়ে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	ক) গঠিত কমিটি কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে। খ) কমিটির পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এবং উপসচিব (পরিকল্পনা-১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।		
১১.	মাঠ পর্যায়ের অধীনস্ত অফিসের স্বচ্ছতা নিশ্চিতকল্পে গঠিত কমিটি দ্বারা পরিদর্শন	সভায় উল্লেখ করা হয় যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা মোতাবেক মাঠ পর্যায়ের অধীনস্থ অফিসসমূহের স্বচ্ছতা নিশ্চিতকল্পে এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) এর সভাপতিত্বে ১টি এবং যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে ১টি মোট ২টি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি ২০২৪-২৫ অর্থবছরের ন্যূনতম দুইবার দায়িত্বপ্রাপ্ত দপ্তর/সংস্থা বা এর শাখা পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল করবে। সভায় উল্লেখ করা হয় যে, যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) এর সভাপতিত্বে গঠিত কমিটি ইতোমধ্যে ২টি দপ্তর/সংস্থার কার্যক্রম পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছেন এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে যথাসময়ে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	গঠিত কমিটি কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত দপ্তর/সংস্থা বা এর শাখা পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) এবং যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১২.	আওতাধীন দপ্তর/সংস্থায় গণশুনানীর আয়োজন	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থায় ১ম প্রান্তিকে ১টি, ২য় প্রান্তিকে ২টি এবং ৩য় প্রান্তিকে ১টি গণশুনানীর আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। চলতি অর্থবছরে এখনও আওতাধীন দপ্তর/সংস্থায় কোন গণশুনানীর আয়োজন করা হয়নি। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থায় গণশুনানীর আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থায় গণশুনানীর আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।	উপসচিব (বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/12/24

(মোঃ মোখলেছুর রহমান, এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)
(সচিবের রুটিন দায়িত্ব)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

তারিখ: ১০/১২/২০২৪ খ্রি:

সময়: বিকাল ৩:৩০ ঘটিকায়

ক্র: নং	নাম ও পদবী	বিভাগ ও দপ্তর/সংস্থা	ফোন নম্বর	স্বাক্ষর
০১.	আঃ গাফফার খান মহাপরিচালক (গ্রেড-১)	BRDB	01732457896	10/12/24
০২.	মোঃ শরিফুল ইসলাম ডিজি	সমবায় অধি:	01711978563	
০৩.	ড. অলি উল্যা	DG, RDA	01779-166901	
০৪.	দীপঙ্কর মন্ডল	ব্যবস্থাপনা পরিচালক মিক্স ডিটি	01911039595	
০৫.	মো: মাহমুদ হাসান MD. PABF	PABF	01714-323223	
০৬.	মোহাম্মদ আনোয়ার হোসেন DG, শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর	—	01712-797060	
০৭.	ড. আবদুল করিম অতিরিক্ত মহাপরিচালক	বার্ড কুমিল্লা	01816-177202	
০৮.	জাহিদুল ইসলাম যুগ্মসচিব	RDCD	01711057648	
০৯.	ড. অশোক কুমার বিশ্বাস উপসচিব	আরডিসিডি	০১৭১২-৭১৭৬৫২	
১০.	রহিমা আক্তার উপসচিব	RDCD	01784196662	
১১.	তানিয়া আফরোজ উপসচিব	RDCD	01919342381	
১২.	আসবিন মোহাম্মদ আঁখি প্রোগ্রামার	RDCD	01925-563760	Anker.

ক্র: নং	নাম ও পদবী	বিভাগ ও দপ্তর/সংস্থা	ফোন নম্বর	স্বাক্ষর
১৩.	ড. [illegible] সুলতান অতি: সচিব (পরি: ও উন্ন)	RDCD	—	[signature] ১০/১২/২০২৪
১৪.	মোঃ আনিচুর রহমান সিনিয়র সহকারী সচিব	RDCD	—	[signature] ১০/১২/২০২৪
১৫.				
১৬.				
১৭.				
১৮.				
১৯.				
২০.				
২১.				
২২.				
২৩.				
২৪.				
২৫.				
২৬.				